

## সংবাদ বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ দূতাবাস, আদ্দিস আবাবায় বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল-এর ৭৪-তম  
জন্মবার্ষিকী উদযাপন।

আজ ৫ আগস্ট ২০২৩ তারিখে বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪-তম জন্মবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ দূতাবাস, আদ্দিস আবাবায় এক বিশেষ অনুষ্ঠানে ইথিওপিয়ায় বসবাসরত প্রবাসী বাংলাদেশী, আমন্ত্রিত কিছু ইথিওপিয়ান নাগরিক এবং অত্র দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে এক বিশেষ স্মরণসভায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের শুরুতে পবিত্র ধর্মগ্রন্থ পাঠ এবং দোয়ার মাধ্যমে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু, তাঁর পরিবারবর্গ, শহিদ শেখ কামালসহ এবং বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তি সংগ্রামের সকল শহিদদের রূহের মাগফেরাত কামনা করা হয়। শহিদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত পৃথক পৃথক বাণী আগত অতিথিদের উদ্দেশ্য পাঠ করে শোনানো হয় ও শহিদ শেখ কামাল-এর জীবন ও কর্মকান্ডের উপরে দুইটি (ভিডিও) প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়। অনুষ্ঠানে বেশ কয়েকজন বাংলাদেশী স্বতঃস্ফূর্ত মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। তাঁরা শহিদ শেখ কামাল-এর কর্মময় জীবন সম্পর্কে স্মৃতিচারণ করেন। উক্ত অনুষ্ঠান উপলক্ষে দূতাবাসের চার্জ দ্যা এফেয়ার্স জনাব মোঃ মাহমুদুল আলম খান বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪-তম জন্মবার্ষিকী অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য প্রবাসী বাংলাদেশী ও স্থানীয় ব্যক্তিবর্গকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি শেখ কামালের এই সংক্ষিপ্ত জীবনে জাতির জন্য ক্রীড়া ও সংস্কৃতি ক্ষেত্রে তার অসামান্য অবদানের কথা উল্লেখ করেন। বিশেষ করে নব্য স্বাধীন দেশের পুনঃগঠন ও উন্নতির জন্য যুবশক্তির যথাযথ সংগঠন ও ব্যবহারের মাধ্যমে এক অনন্য দৃষ্টান্ত স্থাপনের জন্য শহিদ শেখ কামালের নাম চির স্মরণীয় হয়ে থাকবে বলে তিনি সকলকে শেখ কামালের ত্যাগ ও জাতিগঠনে তার উৎসাহে উজ্জীবিত হয়ে বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়নে কাজ করার আহবান জানান। বাংলাদেশের ও অন্যান্য উন্নয়নশীল দেশের যুবকদের জন্য শহিদ শেখ কামালের জীবন সবসময়ই একটি উজ্জল উদাহরন হয়ে থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। পরিশেষে আগত অতিথিদের জন্য মধ্যহুভোজের আয়োজন করা হয়।

\*\*\*\*\*

